“যে ব্যক্তি কসমের মাধ্যমে কোন মুসলিমের হক বিনষ্ট করে তার জন্য আল্লাহ জাহান্নাম ওয়াজিব করে রেখেছেন এবং জান্নাত হারাম করে রেখেছেন”। তখন জনৈক ব্যক্তি জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! অতি সামান্য বস্তু হলেও? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ “আরাক (বাবলা গাছের মত এক ধরনের কাঁটাযুক্ত) গাছের ডাল হলেও এ শাস্তি দেয়া হবে”।

আবূ উমামাহ্ ইয়াস ইবনু সা‘লাবাহ আল-হারিসি রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ “যে ব্যক্তি কসমের মাধ্যমে
কোন মুসলিমের হক বিনষ্ট করে তার জন্য আল্লাহ জাহান্নাম ওয়াজিব করে রেখেছেন এবং জান্নাত হারাম করে রেখেছেন”। তখন জনৈক ব্যক্তি জিজ্ঞেস করল, হে আল্লাহর রাসূল! অতি সামান্য বস্তু হলেও? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ “আরাক (বাবলা গাছের মত এক ধরনের কাঁটাযুক্ত) গাছের ডাল হলেও এ শাস্তি দেয়া হবে”।
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুসলিমদের অধিকার হরণ করার জন্য জেনেশুনে আল্লাহর নামে মিথ্যা শপথ করার বিরুদ্ধে সতর্ক করেছেন। কারণ এর শাস্তি জাহান্নাম এবং জান্নাত থেকে বঞ্চিত হওয়া। এটি অন্যতম কবিরা গুনা। এক ব্যক্তি বলল, হে আল্লাহর রাসূল, যদি শপথ করা জিনিসটি সামান্য হয়? তিনি সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বললেন: যদিও তা আরাক গাছ থেকে নেওয়া মিসওয়াকের কাঠির ক্ষেত্রে হয়।

https://sunnah.global/hadeeth/bn/show/5430